ক্রোড়পত্র 'গ'
দরপত্র নংঃ ২৭৮.০৭.০১২.২৫
তারিখ ঃ জানুয়ারি ২০২৫

**চা- পাতা ও টি-ব্যাগ (BT-2) এর কারিগরি বিবরণ ও শর্তাবলী ঃ**

১। দ্রব্যের নাম: কারিগরি বিনির্দেশ অনুযায়ী উন্নতমানের চা পাতা ও টি-ব্যাগ (BT-2) ০৯টি ঘাঁটি/ ইউনিটে সরবরাহ।

২। পরিমান: **১২৫.০০০ মেঃ টন** (নিম্নোক্ত বর্ণনা মোতাবেক মাস ভিত্তিক সরবরাহ) উল্লেখিত দ্রব্যের পরিমান হতে সরবরাহের পরিমান কম হতে পারে । সেক্ষেত্রে সরবরাহকৃত দ্রব্যের পরিমান হ্রাস পেলেও দ্রব্যের মূল্যের কোন তারতম্য করা যাবে না।

| ক্র: নং | সরবরাহের স্থান | চাহিদার পরিমান |
|---|---|---|
| ক। | বি বা ঘাঁটি বাশার, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে |
| খ। | বি বা ঘাঁটি কুর্মিটোলা, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে |
| গ। | বি বা ঘাঁটি মতিউর, যশোর | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঘ। | বি বা ঘাঁটি জহুর, চট্টগ্রাম | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঙ। | বি বা ঘাঁটি এসএমডি, টাঙ্গাইল | মাসিক চাহিদার ভিত্তিতে |
| চ। | বি বা ঘাঁটি কক্সবাজার, কক্সবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ছ। | বি বা স্টেশন শমসের নগর, মৌলভীবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে |
| জ। | বি বা র‍্যাডার ইউনিট বগুড়া | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঝ। | বি বা সি এন্ড এম ইউনিট লালমনিরহাট | মাসিক চাহিদার ভিত্তিতে |

৩। কারিগরি বিনির্দেশ বা **Specification** বা **Parameter:**

a. Characteristics — Requirement for Black Tea-(BT-2) BSTI CODE no: BDSS-808

| | | |
|---|---|---|
| i. | Moisture Content | :5% |
| ii. | Water Extractable solid % (m/m) Minimum | :32% |
| iii. | Total ash % (m/m) Maximum | :8% |
| iv. | Minimum | :4% |
| v. | Water soluble ash, as percentage of total ash Minimum | :42% |
| vi. | Alkalinity of water-soluble ash (as KOH) % (m/m) Minimum | :1% |
| vii | Maximum | :3% |
| viii. | Acid-insoluble ash % (m/m) Maximum | :1% |
| ix. | Crude-fiber % (m/m) Maximum | :16.5% |
| x. | Caffeine, percent by mass (weight) Minimum | :2% |
| xi. | Tannin, percent by mass weight Maximum | :10% |
| xii. | Total polyphenols, % Minimum | :9.0 |

b. **Organoleptic Test:** Organoleptic test of the sample will be conducted to assess the taste and other physical quality of the tea. Sample collected from DGDP/contractors/warehouse will be tested. Followings will be assessed by organoleptic test:

i. **Dry Leaf Characteristics:** Dry leaf should be of uniform size and form. It should have good ''Nose'' (Smelling) and ''Feel'' (Taste). Coarse leaf, poor cut leaf will not be accepted.

ii. **Dry Leaf Appearance**: Black/Blackish/Blackish brown (even size free from fibre and dust), crisp moisture not over 5%.

৪। অত্যাবশ্যকীয়/গ্রহণযোগ্য প্রস্তুতকারক দেশ: বাংলাদেশ।

৫। দরপত্রের সহিত দাখিলকৃত নমুনার কারিগরি বিনির্দেশসহ নিজস্ব ল্যাব পরীক্ষার প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

৬। চুক্তিপত্র স্বাক্ষরের পর চুক্তিকৃত দ্রব্য সরবরাহের পূর্বে অগ্রীম নমুনা দাখিল করতে হবে যা বিমান সদর কর্তৃক অনুমোদন গ্রহন স্বাপেক্ষে সরবরাহ করতে হবে।

৭। প্যাকিং:

ক। চা পাতা (BT-2) ২৭৪ গ্রামের প্যাকেট ৫৫% ও ১৩৭ গ্রামের প্যাকেট ৩৫% এবং প্রয়োজন অনুযায়ী টি- ব্যাগ (BT-2) ১০% (১৩৭ গ্রাম ওজনের ৬৮ টি ডাবল চেম্বার) হিসাবে প্যাকেটজাত করতে হবে। প্যাকেটটি উন্নত মানের আর্দ্রতা প্রতিবন্ধক হতে হবে। প্যাকেট এর নমুনা চুক্তি সম্পাদনের পর বিমান সদর কর্তৃক প্রদর্শন করতঃ অনুমোদিত হতে হবে।

খ। Secondary Packaging High Density Polyethylene (HDPE) one HDPE Pack.

গ। Tertiary Wrapping: Impermeable Laminated nylon woven bag made of PP Woven bag.

ঘ। চা পাতা প্যাকিংয়ের জন্য ব্যবহৃত প্যাকেট অবশ্যই ফুড গ্রেড কোয়ালিটির হতে হবে।

ঙ। প্রতিটি প্যাকেটে নিম্নলিখিত তথ্যাবলি উল্লেখ থাকতে হবেঃ

১। পণ্যের নাম
২। ব্র্যান্ড নাম
৩। উৎপাদনের তারিখ
৪। মেয়াদ উত্তীর্ণের তারিখ
৫। প্রকৃত ওজন (কেজি)
৬। উৎপাদনকারী কোম্পানীর নাম ও ঠিকানা
৭। BSTI মনোগ্রাম (অনুমোদন লাইসেন্স নাম্বার/কিউআর কোড সহ)
৮। “বিক্রয়যোগ্য নহে”

“বাংলাদেশ বিমান বাহিনীর জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত” প্যাকেটের গায়ে স্পষ্টতঃ উল্লেখ থাকতে হবে।

৮। চা পাতা ও টি-ব্যাগ (BT-2) সরবরাহকারী প্রতিষ্ঠানে নিম্নোক্ত সুবিধাদি থাকতে হবে:

ক। উন্নত প্রযুক্তির অটো ব্লেন্ডিং মেশিন, গ্রেডিং করনীয় ব্যবস্থা (স্বয়ংক্রিয় পদ্ধতিতে চা পাতার মান/শ্রেণী নির্ণয় করন) ও অটো প্যাকেজিং (স্বয়ংক্রিয় পদ্ধতিতে মোড়কজাতকরণ) সম্পন্ন ফেসিলিটি থাকতে হবে।

খ। ফ্যাক্টরি পরিচালনার সব রকমের কমপ্লাইনস্ সার্টিফিকেট (সম্মতি সনদ) থাকতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান ও প্রক্রিয়াজাতকরন প্রতিষ্ঠানে Worker health Certificate (শ্রমিকের স্বাস্থ্য সনদ), Environment Certificate (পরিবেশ সনদ), ETP System (বর্জ্য প্রক্রিয়াকরন ব্যবস্থা) থাকতে হবে।

গ। যে পরিবেশে চা পাতা ও টি-ব্যাগ প্রক্রিয়াজাত করতে হবে সেখানে সর্বোচ্চ মানের হাইজিন (স্বাস্থ্যবিধি) ব্যবস্থা, পেস্ট কন্ট্রোল সিস্টেম (কিট প্রত্যঙ্গ নিয়ন্ত্রণ ব্যবস্থা), সেপারেট ক্লিন প্যাকেজিং এরিয়া (পৃথক পরিষ্কার পরিচ্ছন্ন মোড়কীকরণ জায়গা) থাকতে হবে।

ঘ। সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজস্ব কোয়ালিটি ইন্সপেকশন টিম (মান নিয়ন্ত্রণ পরিদর্শক দল) ও ল্যাব ফেসিলিটি (পরীক্ষাগার ব্যবস্থা) থাকতে হবে।

৯। ফ্যাক্টরির নিজস্ব ল্যাবরেটরিতে সকল ধরণের ক্যামিকেল, ফিজিক্যাল এবং মাইক্রোবায়োলজিকাল টেস্ট করার ব্যবস্থা ও Apparatus (পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি) সমূহ থাকতে হবে এবং প্রতি ব্যাচের Certificate of Analysis (সনদ পত্রের বিশ্লেষণ) দিতে হবে। প্রতিটি ধাপের জন্য সার্বক্ষনিক কোয়ালিটি কন্ট্রোল টিম এবং অভিজ্ঞ প্রোডাকশন সুপারভাইজর টিম থাকতে হবে ।

১০। প্রসেসিং এবং প্যাকেজিং এর সময় কোন অবস্থাতেই উন্মুক্ত পরিবেশে চা পাতা রাখা যাবে না।

১১। <u>পণ্যের মেয়াদ:</u> বিমান বাহিনীতে গ্রহনের তারিখ থেকে নুন্যতম ১২ মাস মেয়াদ থাকতে হবে।

১২। <u>পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ:</u> চা পাতা ও টি-ব্যাগ প্যাকিং করতঃ সরবরাহের এর পূর্বে বিমান সদর কর্তৃক মনোনীত কর্মকর্তা দ্বারা পরিদর্শন করিবে। শুধুমাত্র পরিদর্শনের ভিত্তিতে গ্রহণযোগ্য চা পাতা ও টি-ব্যাগ সরবরাহ করতে হবে। পরিদর্শনের পরেও সরবরাহকৃত চা পাতার মান খারাপ পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে সমুদয় চা পাতা ও টি-ব্যাগ ০৫ দিনের মধ্যে সকল স্থানে পরিবর্তন করে দিতে হবে।

১৩। <u>মূল্যায়ণ:</u>

ক। দরদাতা মূল্যায়নের ক্ষেত্রে পূর্বে এরুপ সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। দরপত্রের সহিত পূর্ব অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে।

খ। উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অগ্রাধিকার যোগ্য।

১৪। <u>নিরাপত্তা জামানত:</u> ডিজিডিপির প্রচলিত নিয়মে।

১৫। <u>LD / জামানত বাজেয়াপ্তকরণ:</u> ডিজিডিপির প্রচলিত নিয়মে।

১৬। বিল প্রদান: : চুক্তিপত্র সম্পাদনের পর সংশ্লিষ্ট সরবরাহকারী কর্তৃক চা পাতা ও টি-ব্যাগ (BT-2) নিজস্ব ব্যবস্থাপনায় নির্দিষ্ট স্থানে পৌছানোর পর ডেলিভারি রিসিপ্ট (ডিআর) ও সন্তোষজনক প্রাপ্তি স্বীকারপত্রের মূল কপি বিমান সদরে প্রেরণ করতে হবে। মাসিক ভিত্তিতে ২০১ এমইউ বি বা কর্তৃক সিআরভি এর কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ডিজিডিপির প্রচলিত নিয়ম অনুযায়ী বিল পরিশোধিত হবে।

১৭। নমুনা ও নথিপত্রাদি দাখিলকরণ: সরবরাহকারীকে অবশ্যই উপরোল্লিখিত বর্ণনার প্রতিটি নথিপত্রাদি ও নমুনা হিসেবে ৫০০ গ্রাম ওজনের ০৬ প্যাকেট চা পাতা ও ১০০ গ্রাম ওজনের ০৬টি টি-ব্যাগ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৮। উহা ছাড়া প্রতি মাসের জন্য চাহিদাকৃত দ্রব্য সরবরাহের পূর্বে দ্রব্যের কারিগরি বিনির্দেশ অনুযায়ী ল্যাব টেষ্টের সন্তোষ জনক হালনাগাদ রিপোর্ট দাখিল করতে হবে।

১৯। অন্যান্য শর্তাবলী: ডিজিডিপি'র প্রচলিত নিয়মে।

২০। মূল্য ঘোষনা: প্রতি কেজি দর - টাকা (বাংলাদেশী মুদ্রা)

২১। প্রতি মাসে দ্রব্য সরবরাহের পূর্বে অগ্রীম নমুনা বিমান সদরের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ডেলিভারী সম্পন্ন করতে হবে।

২২। মাসিক চাহিদার ভিত্তিতে সরবরাহকারীকে চা-পাতা ও টি-ব্যাগ (BT-2) সঠিক সময়ে সরবরাহ করতে হবে। পরবর্তী মাসের চাহিদার পরিমান পূর্ববর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সরবরাহকারীকে অবগত করা হবে। পরবর্তী মাসের চা পাতা ও টি-ব্যাগ (BT-2) পূর্ববর্তী মাসের ২৫ তারিখের মধ্যে নির্ধারিত স্থানে সরবরাহ নিশ্চিত করতে হবে।